গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের ২০১৩ সালের প্রতিবেদন

মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং ০৪. ০০. ০০০০. ২৩২. ৩৫. ০০৬. ১৩. ১৮ অনুসরণে জনপ্রশাসনের কাজে গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি ও নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং সংস্থা/ জেলা/ উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিদ্যমান আইসিটি ফোকাল পয়েন্ট এর স্থলে প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগে চিফ ইনোভেশন অফিসার এবং অধিদপ্তর/ সংস্থা/ জেলা উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসার পদ প্রবর্তন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে "ইনোভেশন টিম গঠন" এবং "ইনোভেশন টিমের কার্যপরিধি" অনুসারে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

নাগরিকসেবা প্রদানপ্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে গত ০৩/ ০৬/ ২০১৩ তারিখে চিফ ইনোভেশন অফিসারসহ পাঁচ (০৫) সদস্যের একটি ইনোভেশন টিম গঠন করা হয় এবং একই দিনে এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/ সংস্থাকে ইনোভেশন অফিসার এর নেতৃত্বে একটি করে টিম গঠন করার জন্য অনুরোধ জানানো হয়। ঐ অনুরোধের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ইনোভেশন টিম গঠন করে এ মন্ত্রণালয়কে অবহিত করেছে এবং মন্ত্রিপরিষদ বিভাগ নির্দেশিত কার্যপরিধি অনুসারে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক ২০১৩ সালের জুলাই হতে ডিসেম্বর পর্যন্ত যে সকল সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে যেসকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর ভিত্তি করে ২০১৩ সালের ইনোভেশন টিমের প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

## ক. ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের প্রতিবেদন

মন্ত্রিপরিষদ বিভাগের ইনোভেশন টিম বিষয়ক প্রজ্ঞাপন অনুযায়ী কাজে গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি ও নাগরিকসেবা প্রদানপ্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে গত ০৩/ ০৬/ ২০১৩ তারিখে চিফ ইনোভেশন অফিসারসহ পাঁচ (৫) সদস্যের একটি ইনোভেশন টিম গঠন করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুসারে কার্যক্রম গ্রহণ করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ে গত ৩০/ ০৬/ ২০১৩ তারিখে ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ০১/ ০৭/ ২০১৩ খ্রিঃ হতে ৩১/ ১২/ ২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অর্থাৎ ৬ মাসের জন্য একটি কর্মপরিকল্পনা তৈরি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৩০/ ০৬/ ২০১৩ তারিখের সভাসহ পরবর্তীতে অনুষ্ঠিত অন্যান্য সভার সিদ্ধান্তের আলোকে মন্ত্রণালয় হতে বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, এ মন্ত্রণালয়ের প্রতিটি কম্পিউটারে ইন্টারনেট সংযোগ প্রদান, ল্যাপটপে তারহীন ইন্টারনেট ব্যবহারের ব্যবস্থা গ্রহণ, পিআইএমএস বিষয়ক

যথাযথ কার্যক্রম গ্রহণ, জনসাধারণের সম্মুখে প্রকাশ করা যাবে এরূপ দাপ্তরিক প্রজ্ঞাপন/নোটিশ/অর্ডারসমূহ নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক ইনোভেশন টিম গঠনের মূল উদ্দেশ্য বাস্তবায়নের যাবতীয় কার্যক্রম ও পদক্ষেপ গ্রহণ করা এবং সকল দপ্তর/সংস্থার ইনোভেশন টিম এর কার্যবিবরণী মন্ত্রণালয়ের ইনোভেশন টিম এর সভায় উপস্থাপন করা ইত্যাদি। গত ০৩/ ০৬/ ২০১৩ খ্রিঃ হতে ৩১/ ১২/ ২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ৫টি সভায় গৃহীত সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন অগ্রগতি নিম্নে ছক আকারে উল্লেখ করা হলঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়ের ল্যাপটপে তারহীন ইন্টারনেট ব্যবহারের সুবিধা প্রদানের জন্য যথা শীঘ্রসম্ভব ব্যবস্থা নিতে হবে । | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রনালয়ের ৫ম তলায় তারহীন ইন্টারনেট চালু করা হয়েছে। তারহীন ইন্টারনেট চালু করার জন্য তিনটি ওয়াইফাই রাউটার ক্রয় করা হয়েছে তা মন্ত্রণালের তিনটি স্থানে স্থাপন করা হয়েছে। উক্ত রাউটারসমূহের আওতায় আশেপাশে বেশ কিছু এলাকা পর্যন্ত ওয়াইফাই কানেক্টিভিটি পাওয়া সম্ভব হচ্ছে। তবে এ মন্ত্রণালয়ের পুরো ৫ম তলা এবং ৭ম তলাকে ওয়াইফাই এরিয়ার মধ্যে আনতে হলে আরো কয়েকটি রাউটারের প্রয়োজন পড়বে। |
| ২ | নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে সকল কম্পিউটারে ইন্টারনেট সংযোগ প্রদান করা হবে। | বর্তমানে মন্ত্রণালয়ে কম্পিউটার সংখ্যা ৪৮টি। এর মধ্যে ৯টি কম্পিউটারের মধ্যে ইন্টারনেট সংযোগ প্রয়োজন ছিল। গত ১১/০৯/২০১৩ তারিখের মধ্যে উক্ত ৯টি কম্পিউটারে ইন্টারনেট সংযোগসহ সকল কম্পিউটারে ইন্টারনেট সংযোগ দেয়া সম্পন্ন হয়েছে। |
| ৩ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের পিএমআইএস এর কার্যক্রম সম্পর্কে আপ- টু- ডেট থাকতে হবে। | গত ১৯/১১/১৩ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পিএসিসি হতে পিআইএমএস বিষয়ক পরবর্তী কার্যক্রম সম্পর্কে বেশ কিছু নির্দেশনা প্রদান করে। উক্ত নির্দেশনা অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেয়া হচ্ছে। |
| ৪ | জনসাধারণের সম্মুখে প্রকাশ করা যাবে এরূপ দাপ্তরিক প্রজ্ঞাপন/নোটিশ/অর্ডারসমূহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা অব্যাহত রাখতে হবে । | দাপ্তরিক প্রজ্ঞাপন/নোটিশ/অর্ডারসমূহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা অব্যাহত আছে। প্রায় প্রতি মাসে বিটিসিএল এর বেশ কিছু অফিস অর্ডারও মন্ত্রণালয়ের ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করা হচ্ছে। |
| ৫ | মন্ত্রণালয়ের ইন্টারনেটের ব্যান্ডউইডথ বৃদ্ধির ব্যবস্থা নেয়া হবে। | এ বিষয়ে বিটিসিএলকে পত্র প্রেরণের মাধ্যমে অনুরোধ করা হয়েছে এবং নভেম্বর মাসের মাসিক সমন্বয় সভায় এই বিষয়টি উপস্থাপন করা হলে বিটিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে বলে সভায় জানিয়েছেন। |
| ৬ | মন্ত্রণালয়ের আওতাধীন যেসকল দপ্তর/সংস্থা মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুসারে ইনোভেশন টিম এর সদস্য মনোনীত করেননি তাদেরকে প্রজ্ঞাপন অনুসারে নির্দিষ্ট সংখ্যক সদস্য মনোনীত করে তা দ্রুত মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | **পুনর্গঠনঃ**<br>যেসব দপ্তর/ সংস্থা মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুসারে ইনোভেশন টিম গঠন করেনি তারা ইনোভেশন টিম পুনর্গঠন করে মন্ত্রণালয়কে অবহিত করেছে।<br><br>**টিম গঠনঃ**<br>মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা হতে ইনোভেশন টিম গঠনের তথ্য পাওয়া গেছে । |
| ৭ | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/ ০৪/ ২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং- ০৪. ০০. ০০০০. ২৩২. ৩৫. ০০৬. ১৩. ১ অনুসরণে | মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুসারে দপ্তর/ সংস্থাগুলোকে ইনোভেশন টিমের বিষয়ে সচেতন করার জন্য ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ৪র্থ সভায় |

| | | |
|---|---|---|
| | ইনোভেশন টিম গঠনের মূল উদ্দেশ্য বাস্তবায়নের যাবতীয় কার্যক্রম ও পদক্ষেপ গ্রহণ করবে। | আমন্ত্রণ জানানো হয় এবং উক্ত সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় সংস্থাসমূহের করণীয় এবং স্বস্ব সংস্থার সভার আলোচ্যসূচি ও সিধান্ত গ্রহণ বিষয়ে পদক্ষেপ নেয়ার পরামর্শ দেয়া হয়েছে। |
| ৮ | মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/ সংস্থা পর্যায়ে গঠিত ইনোভেশন টিম এর সঙ্গে যোগাযোগ ও সমন্বয় সাধন করা হবে এবং সকল দপ্তর/ সংস্থা কর্তৃক গঠিত ইনোভেশন টিম তাদের প্রতিটি সভার কার্যবিবরণী এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। উক্ত কার্যবিবরণী পরবর্তীতে মন্ত্রণালয়ের ইনোভেশন টিম এর সভায় উপস্থাপন করা হবে। | মন্ত্রণালয়ের ইনোভেশন টিম এর কার্যবিবরণীসমূহ নিয়মিত দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাগণকে ই- মেইলে প্রেরণ করা হচ্ছে এবং এর পাশাপাশি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সাথে প্রতিমাসে ফোনেও যোগাযোগ করে দপ্তর/সংস্থাসমূহের কার্যবিবরণীসমূহ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অবহিত করা হচ্ছে। এতে দেখা যাচ্ছে যে, কেবল শিল্প লিমিটেড এবং টেশিস ৪টি সভার, টেলিটক ৩টি সভার, বিএসসিসিএল ২টি, বিটিসিএল, ডাক অধিদপ্তর এবং টেলিটক হতে ১ম সভার কার্যবিবরণী পাওয়া গেছে । |
| ৯ | প্রধানমন্ত্রী কার্যালয়ের এ-টু-আই (A2I) প্রকল্প কর্তৃক যে নতুন অফিস অটোমেশন সিস্টেম এ মন্ত্রণালয়ে প্রদান করা হবে তার সঠিক ও কার্যকরি বাস্তবায়নের জন্য ইনোভেশন টিম ব্যবস্থা গ্রহণ করবে। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের এ- টু- আই প্রকল্প হতে দেয়া অফিস অটোমেশন সিস্টেমটি মন্ত্রণালয়ে নতুন ক্রয়কৃত কম্পিউটারে স্থানান্তরিত করে দেয়ার জন্য এ- টু- আই প্রকল্পের জনাব নাহিদ আলমকে ই- মেইল এ অবহিত করা হয়েছে এবং এর পাশাপাশি ফোনেও অবহিত করা হয়েছে। এ মর্মে এ- টু- আই প্রকল্পের প্রতিনিধি জানিয়েছেন অফিস অটোমেশন সিস্টেমটির প্লাটফর্ম পরিবর্তন করে নতুন প্লাটফর্মে তৈরি করা হচ্ছে। এই সিস্টেমের ডেভেলপমেন্ট সম্পন্ন হওয়ার পর মন্ত্রণালয়কে প্রদান করা হবে বলে তিনি ফোনে অবহিত করেন। ৩১/১২/২০১৩ তারিখ পর্যন্ত নতুন অফিস অটোমেশন সিস্টেমটির ডেভেলপমেন্ট প্রক্রিয়া সম্পন্ন হয়নি বলে ফোনে অবহিত করেন। |
| ১০ | প্রধানমন্ত্রী কার্যালয়ের এ-টু-আই (A2I) প্রকল্প কর্তৃক অফিস অটোমেশন সিস্টেমটি চালু করার লক্ষ্যে আইসিটি সেল হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রধানমন্ত্রী কার্যালয়ের এ-টু-আই (A2I) প্রকল্প কর্তৃক অফিস অটোমেশন সিস্টেমটি মন্ত্রণালয়ে প্রদান করলে আইসিটি সেল হলে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ১১ | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত ইনোভেশন টিম এর কার্যবিবরণীর আলোকে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ<br>i) বাংলাদেশ কেবল শিল্প লিমিটেড এর ২য় সভার সিদ্ধান্ত নং (২), (৩), (৫) এবং<br>ii) টিএসএস এর ১ম সভার সিদ্ধান্ত (খ)<br>ঐ সকল সিদ্ধান্তের আলোকে গতানুগতিক ধারার বিপরীতে নতুন কি কি বিষয়ে পদক্ষেপ নেয়া হয়েছে, যা সেবাদানে ভালো ভূমিকা রাখবে এবং কাজের গতি বৃদ্ধি পেয়েছে, সে বিষয়ে সংস্থা দুটি নিজ নিজ সংস্থার সভায় বিস্তারিত আলোচনা করবে এবং মন্ত্রণালয়কে অবহিত করবে। | i) এ বিষয় কেবল শিল্প লিমিটেড তাদের ৪র্থ সভায় বিস্তারিত আলচনা করেছে এবং এ বিষয়ের তাদের অগ্রগতি সম্পর্কে উক্ত সভার কার্যবিবরণীর মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করেছে।<br>ii) টেশিসের ৩য় সভার কার্যবিবরণী হতে জানা দ্রুত নাগরিক সেবা প্রদানের জন্য ৭ টি বিভগীয় শহরে সেলস সেন্টার চালু করা হয়েছে । |

| | | |
|---|---|---|
| ১২ | ৪র্থ সভায় মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিম এর ইনোভেশন অফিসার ও সংশ্লিষ্ট অপর একজন (০১) জন সদস্যকে আমন্ত্রণ জানানো হয়। | মন্ত্রণালয়ে ইনোভেশন টিম এর ৪র্থ সভায় মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন অফিসার ও সংশ্লিষ্ট টিম এর একজন সদস্যকে আমন্ত্রণ জানানো হয়েছে। |
| ১৩ | ইনোভেশন টিম এর কার্যপরিধি এবং ভবিষ্যত পরিকল্পনার অংশ হিসাবে আগামী জানুয়ারিতে ২০১৪ সালের জন্য এক বছরের কর্ম পরিকল্পনা তৈরির সিদ্ধান্ত নেয়া হয়। | আগামী বছরের গোড়ার দিকে ২০১৪ সালের জন্য এক বছর মেয়াদী কর্মপরিকল্পনা তৈরি করতে হবে। ২০১৩ সালে সম্পাদিত কাজের সংকলন এবং ২০১৪ সালের কর্মসূচি প্রণয়নের জন্য তথ্য সংগ্রহের কাজ শুরু হয়েছে। |

## খ. বিটিআরসি'র প্রতিবেদন

গত ০৩/০৬/২০১৩ তারিখে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এর প্রেরিত পত্রের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনের মাধ্যমে সকল সরকারী দপ্তরে Innovation Team গঠন করার নির্দেশনা জানানো হয়। উক্ত নির্দেশনা অনুযায়ী বিটিআরসি গত ০৬/১০/২০১৩ তারিখে একটি Innovation Team গঠন করে। উক্ত টিম ২০১৩ সালে ৩ (তিন) টি সভায় অংশ গ্রহণ করেছে এবং বিভিন্ন সময়ে মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত সভায় অংশগ্রহণ করেছে; উক্ত সভার সিদ্ধান্ত সমূহের মধ্যে Web-Site Redesign, E-Filing System, Internet Safety Solution for IIGs and BTRC এবং Synchronization between WiFi Zones in BTRC এর কাজ/নিয়োগ/ক্রয় প্রক্রিয়া শুরু করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে। অপরদিকে Access Control & Attendance System in BTRC এর কাজ কমিশনের নিজস্ব, স্থায়ী অফিসে স্থাপন করার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং সেইরূপে ভবনের নকশা/ডিজাইন করা হচ্ছে; এছাড়াও, ব্যাক্তিগত নথি ( চাকুরীর সকল তথ্য, শিক্ষাগত যোগ্যতা, ট্রেনিং, এসিআর ইত্যাদি) সমন্বয়ের কাজ করার জন্য Personnel Management Information System ক্রয়/ব্যবহার করার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

| Task / Assignment to Implement | Time-Frame | Liabilities & Responsibilities |
|---|---|---|
| Access Control & Attendance System in BTRC<br><br>Features:<br>i. Microprocessor based Electronic Photo-ID.<br>ii. User specific access-management<br>iii. Visitor Management (with access-control & log)<br>iv. User specific attendance-system<br>v. Visitor & Attendance Database with Reporting | Not Assigned | Administration Division, BTRC (already included in new Building Project of BTRC)<br><br>Innovation Team, BTRC will spread their R&D / Support if required. |
| Web-Site redesign of BTRC<br><br>Features:<br>i. Bi-Lingual interface (English and Bangla)<br>ii. Upgradation of Exchange Server<br>iii. Protection against DDOS, Spamming etc. | By End of 2014 | IT Wing, BTRC is to Draft the EOI/Tender for Procurement; and, will supervise accordingly.<br><br>Innovation Team will spread their R&D / Support if required. |
| E-Filing System<br><br>Features:<br>i. File Tracking System (reference: DHL)<br>ii. HR Management Tool-Kit<br>iii. Knowledge Management Tool-Kit | By End of April, 2014 | Administration Division, BTRC (already EOI/Tender is Drafted)<br><br>Innovation Team, BTRC will spread their R&D / Support if required. |
| Internet Safety Solution for IIGs and BTRC<br><br>Features:<br>i. URL monitoring, filtering and management<br>ii. Search, Browsing, Like-update etc. management | By End of July, 2014 | Systems & Services, BTRC has issued RFP for Procurement; and, Engineering & Operations, BTRC will supervise accordingly. |

| | | |
|---|---|---|
| iii. Traffic flow analysis with customized report & archive.<br>iv. Protection against DDOS, Spoofing, Spamming, DNS Amplification etc. kinds of Cyber Attacks. | | Innovation Team, BTRC will spread their R&D / Support if required. |
| Synchronization between WiFi Zones in BTRC<br><br>Features:<br>i. Secure Hand-Off and Seam-Less Synchronization amongst all the WiFi Zones in BTRC (e.g. Air-Live (5th , 6th and 7th Floor), Conference Rooms, Free WiFi for Guests, All Commissioners)<br>ii. Creation of Department wise New WiFi Zone(s)<br>iii. Enabling the Network Security features in all the WiFi/LAN of BTRC | By End of April, 2014 | IT Wing of Administration Division, BTRC – is to implement<br><br>Innovation Team, BTRC will spread their R&D / Support if required. |
| Review on the previous meetings of Innovation Team | NA | CIO, BTRC will coordinate. |

## গ. ডাক অধিদপ্তরের প্রতিবেদন

ডাক অধিদপ্তরের কেন্দ্রীয় ইনোভেশন টিম কর্তৃক ২০১৩ সালে ০১ টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বেশ কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নে তুলে ধরা হ'লঃ

| ক্রঃ নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | ডাক বিভাগ কর্তৃক চালুকৃত ইলেক্ট্রনিক মানি ট্রান্সফার সার্ভিসটি বর্তমানে দেশের প্রতিটি জেলা ও উপজেলা সদরসহ গুরুত্বপূর্ণ ২৭৫০ টি অফিসে সম্প্রসারণ করা হয়েছে। সার্ভিসটি অফিস সময়ের পরে সহজলভ্য করার জন্য এজেন্টভিত্তিক BPO টু BPO এবং Banglalink টু BPO ভিত্তিতে চালু করার উদ্যোগ গ্রহণ করা হবে। এর ফলে ইএমটিএস এর গ্রাহকগণ ২৪ ঘন্টা সেবা পাবেন। | ইলেক্ট্রনিক মানি ট্রান্সফার সার্ভিসটি অফিস সময়ের পরে সহজলভ্য করার জন্য এজেন্টভিত্তিক BPO টু BPO এবং Banglalink টু BPO ভিত্তিতে চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে Banglalink কোম্পানির সাথে আলোচনা অব্যাহত রয়েছে। |
| ২. | বিসিএস (ডাক) ক্যাডার কর্মকর্তাগণের পিএমআইএস এর তথ্য পূরণ নিশ্চিত করতে হবে। | ক্যাডার কর্মকর্তাগণের পিএমআইএস এর তথ্য পূরণ করা হয়েছে। বর্তমানে ভ্যালিডেশনের কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩. | ডাক বিভাগে প্রচলিত টেন্ডারিং কার্যক্রমের পাশাপাশি ই- টেন্ডারিং কার্যক্রম চালু করতে হবে। | ই- টেন্ডারিং কার্যক্রম চালু করা হয়েছে। |
| ৪. | জনসাধারণের সম্মুখে প্রকাশ করা যাবে এরুপ দাপ্তরিক প্রজ্ঞাপন/নোটিশ/অর্ডার সমূহ ওয়েবসাইটে প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | জনসাধারণের সম্মুখে প্রকাশ করা যাবে এরুপ দাপ্তরিক প্রজ্ঞাপন/নোটিশ/অর্ডারসমূহ ওয়েবসাইটে প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| ৫. | ডাক বিভাগের প্রচলিত সার্ভিস সমূহ যতদূর সম্ভব তথ্য প্রযুক্তি নির্ভর পদ্ধতিতে প্রবর্তনের মাধ্যমে ডাক সেবাকে উন্নত করা তথা গ্রাহক সন্তুষ্টি অর্জনের বিষয়ে সচেষ্ট থাকতে হবে। | ডাক বিভাগের প্রচলিত সার্ভিস সমূহ যতদূর সম্ভব তথ্য প্রযুক্তি নির্ভর পদ্ধতিতে প্রবর্তণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। |

## ঘ. বিটিসিএল এর প্রতিবেদন

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এপ্রিল/২০১৩ সালে ইনোভেশন সংক্রান্ত প্রজ্ঞাপন জারীর পর বিটিসিএল কর্তৃক ১৩/০৬/২০১৩ খিঃ তারিখে ইনোভেশন টিম গঠন করা হয় এবং ০৩/১০/২০১৩ তারিখে উক্ত টিম পুনর্গঠন করা হয়। ২০১৩ সালে ইনোভেশন টিম গঠন এবং তার প্রথম সভার মাধ্যমে সময় অতিবাহিত হয়। উক্ত বছরে ইনোভেশন কার্যক্রমের আওতায় নতুন কোন কাজ বাস্তবায়ন সম্ভব হয়নি।

## ঙ. বিএসসিসিএল এর প্রতিবেদন

বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) এর ইনোভেশন টিম কর্তৃক ২০১৩ সালে দুটি (০২) সভা অনুষ্ঠিত হয়। উক্ত দুটি সভার সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি নিচে তুলে ধরা হ'লঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | ইনোভেশন টিমের একটি বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ২০১৩ সালের সেপ্টেম্বর মাস থেকে একটি কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয় যার কিছু কার্যক্রম ২০১৪ সালের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত হয়েছে। ২০১৪ সালের কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ের পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। |
| ২ | সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন এবং বিএসসিসিএলের সার্ভিসসমূহ ক্রেতা/ভোক্তা-গণের নিকট সহজভাবে পৌঁছানোর লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | বিএসসিসিএল- এর সিটিজেন চার্টার, কোম্পানির ওয়েব সাইটে আপলোড করা হয়েছে এবং সেই অনুযায়ী আইপিএলসি, আইপি ট্রানজিট ও আইআইজি সার্ভিস Commissioning, Operation ও Maintenance করা হচ্ছে। |
| ৩ | বিএসসিসিএল এর প্রধান কার্যালয় এবং আইআইজি ডেটা সেন্টার এবং সংশ্লিষ্ট কার্যালয়ে কম্পিউটার নেটওয়ার্ক ব্যবস্থাকে আরো আধুনিকায়ন করতে হবে। | আইআইজি ডেটা সেন্টারে কম্পিউটার নেটওয়ার্ক ব্যবস্থা আধুনিকায়ন সম্পন্ন হয়েছে। Network Security এর কথা বিবেচনা করে প্রধান কার্যালয়ে LAN কে VLAN ভিত্তিক নেটওয়ার্ক হিসেবে Redesign করে Implement করার কার্যক্রম চলছে। |
| ৪ | বিএসসিসিএল- এর ডিএনএস এবং ওয়েব সাইটটি Redesign করে একটি Integrated Website হিসাবে তৈরী করতে হবে এবং ডেটাবেজ ও তথ্যাবলী সুসজ্জিতভাবে উপস্থাপন করতে হবে। | ডিএনএস Redesign এর মাধ্যমে internal ও external zone তৈরি করে public ও private server পৃথক করা হয়েছে। Website এর জন্য প্রাথমিক ডিজাইন লে আউট নিয়ে কাজ করা হচ্ছে। |
| ৫ | CCTV নেটওয়ার্কের মাধ্যমে একটি সুসংহত ভিডিও মনিটরিং এবং রেকর্ডিং ব্যবস্থা স্থাপন করা হবে, যার মাধ্যমে হেড অফিস এবং কক্সবাজার ল্যান্ডিং স্টেশনের কার্যকলাপ একত্রে মনিটরিং করা যাবে। | এ বিষয়ে টেন্ডার মূল্যায়ন কাজ সম্পন্ন হয়েছে। অচিরেই সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানকে Notification of Award ইস্যু করা হবে। |
| ৬ | কক্সবাজার ল্যান্ডিং স্টেশনে ২টি সৌর প্যানেল স্থাপনের পরিকল্পনা রয়েছে। | সোলার প্যানেলের ক্ষমতা (output power) হিসাব করা হয়েছে এবং মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। Technical Documents বিশ্লেষণ চলছে। |
| ৭ | ইনোভেশন টিম তাদের প্রতিটি সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | ২০১৩ ডিসেম্বর পর্যন্ত ২ (দুই) টি সভা অনুষ্ঠিত হয়েছে, কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |

## চ. টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড ( টেশিস) এর প্রতিবেদন

২০১৩ সালে টেশিস এর ইনোভেশন টিমের ৪টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে যেসকল সিদ্ধান্ত গৃহীত হয়েছিল তার প্রেক্ষিতে বাস্তবায়ন অগ্রগতিসমূহ নিচে তুলে ধরা হ'লঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১। | দ্রুত নাগরিক সেবা প্রদানের জন্য বিভাগীয় শহরে সেলস সেন্টার গুলি দ্রুত বাস্তবায়ন করা। | প্রত্যেক বিভাগীয় শহরে সেলস সেন্টার চালু হয়েছে। প্রত্যেকটিতে প্রকৌশলী/টেকনিশিয়ান দ্বারা টেশিসে উৎপাদিত দোয়েল ল্যাপটপ বিক্রয় এবং বিক্রয়োত্তর সেবা প্রদান করা হচ্ছে। |
| ২। | কর্মকর্তাদের কাজের গতি বৃদ্ধির জন্য e-mail কানেকশন প্রদান। | বিটিসিএল এর Broadband internet connection (1.5 mbps) নেয়া হয়েছে। বর্তমানে ২০টি সংযোগ চালু করা হয়েছে অবশিষ্ঠ কর্মকর্তাদের connection শীঘ্রই প্রদান করা হবে। |
| ৩। | টেশিসে Tablet PC উৎপাদনের ব্যবস্থা করা। | টেশিসে Tablet PC উৎপাদনের ব্যপারে পদক্ষেপ নেয়া হয়েছে। |
| ৪। | IP Base PABX System বাজারজাত করা। | বাংলাদেশ ব্যাংক এবং ডিএমপি হেড কোয়ার্টারে IP Base PABX স্থাপন ও চালু করার কাজ প্রক্রিয়াধীন। |
| ৫। | Thin flim solar panel & Maintenance free battery টেশিসে উৎপাদনের ব্যবস্থা করা। | Maintenance free battery টেশিসে সংযোজন এর কাজ চলমান। Thin flim solar panel সংযোজন ও উৎপাদন বিষয়ক প্রস্তাব প্রক্রিয়াধীন। |
| ৬। | মালামালের বিক্রয়োত্তর সেবা নিশ্চিত করা ও তদারকি করা। | মালামালের বিক্রয়োত্তর সেবা বাস্তবায়ন ঠিকমত হচ্ছে এবং তদারকি হচ্ছে। |
| ৭। | সেলস সেন্টারের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের বিক্রয় বৃদ্ধির উপর প্রশিক্ষণ প্রদান। | সেলস সেন্টারের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের দেয়া হয়েছে/ হচ্ছে। |
| ৮। | সেলস সেন্টারের দৈনিক বিক্রয়ের তথ্য SMS এর মাধ্যমে নিয়ামক কর্মকর্তাকে প্রদান। | সেলস সেন্টারের দৈনিক বিক্রয়ের তথ্য SMS এর মাধ্যমে নিয়ামক কর্মকর্তাকে প্রদানের পরিকল্পনা হাতে নেয়া হচ্ছে। আপতত BTCL land line টেলিফোনের মাধ্যমে তথ্য নেয়া হচ্ছে। |
| ৯। | দ্রুত নাগরিক সেবা প্রদানের জন্য বিভাগীয় শহর ছাড়া জেলা শহরে সেলস সেন্টার স্থাপন করা। | প্রত্যেক বিভাগীয় শহরে সেলস সেন্টার চালু কর হয়েছে। ৬টি জেলা শহরে সার্ভিস সেন্টার চালু করা হয়েছে। পর্যায়ক্রমে অন্যান্য জেলা শহরে সার্ভিস সেন্টার চালু করা হবে। |
| ১০। | টেশিসের সকল শাখায় ডিজিটাল নথির নম্বর চালু করা। | টেশিসের সকল শাখায় ডিজিটাল নথি নম্বর চালু করার হয়েছে। |

## ছ. বাংলাদেশ কেবল শিল্প লিমিটেড ( বিসিএসএল) প্রতিবেদন

২০১৩ সালে বিসিএসএল এর ইনোভেশন টিমের ৪টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহের আলোকে যেসকল সিদ্ধান্ত গৃহীত হয়েছিল তার প্রেক্ষিতে বাস্তবায়ন অগ্রগতিসমূহ নিচে তুলে ধরা হ'লঃ

| ক্রঃ নং- | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | ০১- ০৮- ২০১৩ থেকে ৩১- ১২- ১৩ পর্যন্ত পাঁচ মাসের জন্য কর্ম পরিকল্পনাঃ<br><br>ক) আগামী ডিসেম্বর'২০১৩ মাসের মধ্যে ৩০,০০০ কন্ডাক্টর কিলোমিটার কপার কেবল এবং ৩০,০০০ ফাইবার কিলোমিটার অপটিকাল ফাইবার কেবল তৈরী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | ক) ২০১৩ সালের জুলাই থেকে ডিসেম্বর মাস পর্যন্ত ১৭,৩১৯ কন্ডাক্টর কিলোমিটার কপার কেবল এবং ২৮,০২৬ ফাইবার কিলোমিটার অপটিকাল ফাইবার কেবল উৎপাদিত হয়েছে। |

| | | |
|---|---|---|
| | খ) উৎপাদন কাজে যেন ব্যাঘাত সৃষ্টি না হয় সেজন্য যথা সময়ে কাচাঁমাল আমদানীর লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | খ) যথা সময়ে কাঁচামাল আমদানীর লক্ষ্যে পরিকল্পনা ও মান নিয়ন্ত্রণ বিভাগ, উৎপাদন বিভাগ. ক্রয় শাখা ও মার্কেটিং শাখার মধ্যে আন্তঃ সভা আয়োজনের মাধ্যমে সব সময় সমন্বয় রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | গ) উৎপাদিত পণ্য ক্রেতার চাহিদা ও সময় অনুযায়ী সরবরাহের ব্যবস্থা গ্রহণ। | গ) ক্রেতার চাহিদা মাফিক পন্য উৎপাদন এবং যথাসময়ে সরবরাহ করা একটি উৎপাদনশীল প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাঁচামালের ঘাটতি, বৈদ্যুতিক বিভ্রাট, যন্ত্রপাতি/ মেশিন নষ্ট ইত্যাদি কারণে অনেক সময়ে ক্রেতার চাহিদামাফিক সময়ে পণ্য সরবরাহ করা সম্ভব হয়না। উৎপাদন বিভাগ এবং মাকেটিং শাখার মধ্যে সমন্বয়ের মাধ্যমে বিষয়টি সমাধান এবং উৎপাদিত পণ্য দ্রুততম সময়ের মধ্যে ক্রেতার নিকট সরবরাহের বিষয়টি সর্বাপেক্ষা গুরুত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়া মার্কেটিং শাখার কর্মকর্তারা ক্রেতাদের সাথে টেলিফোন/মোবাইলে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করবেন যাতে ক্রেতাগণ মালামাল ডেলিভারীর বিষয়ে কোন রকম সমস্যায় না পড়েন। |
| | ঘ) প্রতিষ্ঠানের ওয়েব পেজটি আপডেট করণের ব্যবস্থা গ্রহণ। | ঘ) প্রতিষ্ঠানের ওয়বে পেইজ আপডেট করণের উদ্যোগ নেয়া হয়েছে। |
| | ঙ) অপটিকাল ফাইবার কেবল উৎপাদন প্লান্টের ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একটি Sheathing Line Machine ক্রয়ের ব্যবস্থা গ্রহণ। | ঙ) অপটিকাল ফাইবার কেবলের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে বিদ্যমান অপটিকাল ফাইবার কেবল প্লান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একটি নতুন Sheathing Line Machine স্থাপনের ব্যবস্থা নেয়া হয়েছে। আগামী মার্চ'১৪ মাসের মধ্যে মেশিনটি স্থাপিত হয়ে উৎপাদনে যাবে বলে আশা করা যাচ্ছে। |
| ২ | সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন এবং উৎপাদিত পণ্য দ্রুত ও সহজ ভাবে ক্রেতা সাধারণের নিকট পৌঁছে দেবার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা। | সিটিজেন চার্টার প্রস্তুত করা রয়েছে এবং সময়ান্তে তা আপডেট করণের ব্যবস্থা নেয়া হবে। |
| ৩ | অত্র প্রতিষ্ঠানের যাবতীয় তথ্যাবলি সন্নিবেশ করে প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরী করে হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ করা। | প্রতিষ্ঠানের প্রোফাইল হালনাগাদ তৈরী করা হয়েছে। |
| ৪ | ইনোভেশন টিম এর প্রতিটি সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করা। | আগস্ট'১৩ থেকে ডিসেম্বর'১৩ পর্যন্ত মোট ৪টি সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। |

## জ. টেলিটক বাংলাদেশ লিমিটেড এর প্রতিবেদন

"Innovation Team, Teletalk Bangladesh Limited" এর ২০১৩ সনের কর্ম পরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন। উল্লেখ্য যে, ইনোভেশন টিম বিগত ২০১৩ সনে ২ টি সভা আয়োজন করে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নকল্পে কাজ করে।

| ক্র নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন ও অগ্রগতি |
|---|---|---|
| ১. | প্রতিষ্ঠানের সকল দপ্তরের সাথে যোগাযোগ ও তাদের বর্তমান কার্যকলাপ ও প্রতিবন্ধকতা সম্পর্কে তথ্য সংগ্রহ করা | সকল দপ্তর প্রধানদের সাথে প্রাথমিক আলোচনা হয়েছে। সেই মোতাবেক তথ্য সংগ্রহের জন্যে, একটি নির্দিষ্ট ফরম্যাট প্রণয়নের কাজ চলছে। |
| ২. | টেলিটকের "Youth" প্যাকেজ বাজারজাতকরণ পর্যবেক্ষণ এবং তা সফল ভাবে সম্পন্নকরণে প্রয়োজনীয় সহায়তা প্রদান | টেলিটক সফল ভাবে "Youth" প্যাকেজ বাজারজাত করেছে। ইনোভেশন টিম পুরো প্রক্রিয়ার সাথে সক্রিয় ভাবে জড়িত থেকে নানাবিধ তথ্য সংগ্রহ করেছে। বর্তমান সংগ্রহীত তথ্যসমূহ পর্যালোচনা করে এই ধরণের কর্মকান্ড ভবিষ্যতে আরো সুচারু ভাবে সম্পন্নকরণের জন্যে সুপারিশ মালা তৈরির কাজ চলছে। |

=====0=====

05/02/14